**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 01-07-24** **Desk in Charge :**

**Time : 7-35 A. M.** **Compiling :**

**Morning /Day /Evening** **National/ Regional/ General**

**Opening Announcement –** আকাশবাণী / খবর পড়ছি –

বিশেষ বিশেষ খবর –

১) সারা দেশে আজ বলবৎ হয়েছে তিনটি নতুন ফৌজদারী আইন।
২) লোকসভা নির্বাচনে দেশের সংবিধান ও গণতান্ত্রিক ব্যবস্থার ওপর আস্থা রাখার জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, দেশবাসীর প্রতি কৃতজ্ঞতা ব্যক্ত করেছেন।

# আকাশবাণীতে মন-কি-বাতে অনুষ্ঠানে পরিবেশ রক্ষায় 'এক পেড় মা-কে নাম' অভিযানের সূচনা করেছেন তিনি।

৩) দেশের সব ধরণের প্রাণীর বিভিন্ন প্রজাতির তথ্য সম্বলিত পোর্টালের সূচনা হয়েছে। এই ক্ষেত্রে ভারত'ই বিশ্বের প্রথম।

৪) রাজ্য জুড়ে গণপিটুনি, মারধোর করে হত্যার ঘটনায় আইনশৃঙ্খলার অবনতির অভিযোগ বিরোধীদের।

৫/ নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী ডাক্তার বিধানচন্দ্র রায়ের জন্ম ও মৃত্যু দিনটি 'চিকিৎসক দিবস' হিসেবে পালিত হচ্ছে।

*************************************************************

দেশে আজ বলবৎ হয়েছে তিনটি নতুন ফৌজদারী আইন। ভারতীয় দন্ডবিধি, ফৌজদারি দন্ডবিধি ও সাক্ষ্য আইনের জায়গা নেবে এই ভারতীয় ন্যায় সংহিতা, ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা এবং ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম- ২০২৩।
এর লক্ষ্য, প্রত্যেকের জন্য বিচার ব্যবস্থাকে আরও সুলভ, দক্ষ ও সহায়ক করে তোলা। নতুন আইনগুলি বিচার ব্যবস্থাকে আরও আধুনিক করে তুলবে। এতে জিরো FIR, অনলাইনে অভিযোগ দায়ের, ইলেট্রনিক মাধ্যমে সমন পাঠানো এবং সমস্ত জঘন্য অপরাধের অকূস্থলের ভিডিওগ্রাফী বাধ্যতামূলক করার সংস্থান রয়েছে। এজন্য পুলিশ এবং তদন্তকারী সংস্থাগুলিকে প্রয়োজনীয় প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

ওয়েস্ট বেঙ্গল ন্যাশনাল ইউনিভার্সিটি অফ জুরিডিক্যাল সায়েন্সেস-এর সহকারী পধ্যাপক ফয়জল ফসসি আকাশবাণীকে জানিয়েছেন-

(বাইট- ফয়জল ফসি )

তবে, আইনজীবী মহলের একাংশ এবং বিরোধীরা এখনই নতুন ফৌজদারী আইন বলবৎ না করার জন্য কেন্দ্রকে অনুরোধ জানিয়েছেন। তাঁদের মতে এনিয়ে আরও আলোচনা হওয়া প্রয়োজন।

***************************

নতুন এই তিন আইনের বিরোধিতায় সরব হয়েছে রাজ্যের শাসক দল তৃণমূল কংগ্রেস। দলের রাজ্যসভার দলনেতা ডেরেক ও'ব্রায়েন বলেন, প্রস্তাবিত তিন আইনের বিভিন্ন অংশ নিয়ে আপত্তির কথা জানিয়েছিলেন তিনি এবং দলের লোকসভার সাংসদ কাকলি ঘোষ দস্তিদার। বিরোধীদের তরফে সংসদীয় কমিটিতেও এই তিন আইনের বিরোধিতা করা হয়েছিল।

তিন আইন এখনই তড়িঘড়ি বলবৎ না করে পুনর্বিবেচনা করার দাবি তুলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে চিঠি দিয়েছিলেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী।

***************************

সাম্প্রতিক লোকসভা নির্বাচনে দেশের সংবিধান ও গণতান্ত্রিক ব্যবস্থার ওপর আস্থা রাখার জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, দেশবাসীর প্রতি কৃতজ্ঞতা ব্যক্ত করে বলেছেন বিশ্বের বৃহত্তম নির্বাচন ছিল এই লোকসভা ভোট।

টানা তৃতীয়বার প্রধানমন্ত্রী হবার পর আকাশবাণীতে গতকাল তাঁর প্রথম 'মন কি বাত'-এর শুরুতেই একথা বলেন তিনি।

প্রধানমন্ত্রী বলেন, এবছর বিশ্ব পরিবেশ দিবসে 'এক পেড় মা-কে নাম' বা মায়ের নামে একটি গাছ অভিযানের মাধ্যমে পরিবেশ সুরক্ষিত রাখার বার্তা দেওয়া হয়েছে। সবাইকে মায়ের নামে একটি করে গাছ লাগানোর আবেদন জানান তিনি।

( বাইট- এক পেড় মা-কে নাম )

******************************

'জ্যুলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়া'- জেডএসআই, সমস্ত প্রাণী প্রজাতিকে নিয়ে একটি চেকলিস্ট পোর্টাল চালু করেছে। সংস্থার ১০৯তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে কলকাতায় গতকাল এক অনুষ্ঠানে কেন্দ্রীয় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন দপ্তরের মন্ত্রী ভূপেন্দ্র যাদব, 'ফনা অফ্ ইন্ডিয়া চেকলিস্ট' পোর্টালের আনুষ্ঠানিক সূচনা করেন। তিনি বলেন, সারা বিশ্বে ভারতই প্রথম, বর্তমান সব ধরনের প্রাণীর বিভিন্ন প্রজাতির তথ্য পোর্টালে নথিভুক্ত করলো। এখানে প্রতিটি প্রাণী প্রজাতির নাম, ছবি ও প্রাপ্তিস্থান এবং ১২১টি চেকলিস্টে ১লক্ষ ৪হাজার ৫৬১টি প্রজাতির উল্লেখ রয়েছে। পশ্চিমবঙ্গ সহ দেশের বিবিধ সম্পদকে রক্ষা করার ওপর জোর দেন পরিবেশ মন্ত্রী।

(বাইট- ভূপেন্দ্র যাদব )

অনুষ্ঠানে অ্যানিম্যাল ডিসকভারিস ২০২৩ এবং প্ল্যান্ট ডিসকভারিস ২০২৩ নামে দুটি বইও মন্ত্রী প্রকাশ করেন।

আজ থেকে তেসরা জুলাই পর্যন্ত এই সম্মেলনে বিশ্বের বিভিন্ন দেশের গবেষকরা অংশ নেবেন।

****************************

উত্তর দিনাজপুরের চোপড়ায় যুগলকে রাস্তায় ফেলে বেধড়ক মারধোরের ঘটনায় অভিযুক্ত তৃণমূল কংগ্রেস নেতা তাজিমুল হক ওরফে জেসিবি-কে গ্রেফতার করেছে পুলিশ। গতসন্ধ্যায় তাকে জিজ্ঞাসাবাদের পর গ্রেফতার করে ইসলামপুর থানার পুলিশ। একটি ভাইরাল ভিডিওতে তরুণ- তরুণীকে রাস্তার উপর ফেলে বাঁশের কঞ্চি দিয়ে বেধড়ক মারধোর করতে দেখা যায় অভিযুক্ত ব্যক্তিকে। বিবাহ বহির্ভূত সম্পর্কের কারণে সালিশি সভা ডেকে এই মারধোর বলে জানা গেছে। গণপিটুনি দেওয়ার পর আক্রান্তদের মুখ না খোলার হুমকিও দেওয়া হয়। ভিডিওটি প্রকাশ্যে আসার পর শুরু হয় বিতর্ক। CPIM নেতা মহম্মদ সেলিমের এক্স-হ্যান্ডেলে ভিডিওটি পোস্ট করা হয়। পরে পুলিশ ওই ব্যক্তির বিরুদ্ধে পুলিশ মামলা দায়ের করে।

ভারতের গণতান্ত্রিক যুব ফেডারেশন এই ঘটনার তীব্র নিন্দা করেছে।

বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার গতকাল বলেন, রাজ্যে আইন শৃঙ্খলা অবশিষ্ট নেই।

( বাইট- সুকান্ত মজুমদার )

আজ দিল্লি রওনা হবার আগে চোপড়ার ঘটনায় বিধায়ক হামিদুর রহমানের গ্রেপ্তারির দাবী জানান।

তৃণমূল কংগ্রেসের জেলা সভাপতি কানাইয়ালাল আগরওয়াল ঘটনাটিকে ধিক্কার জানিয়েছেন।

****************************

কোচবিহার জেলার মাথাভাঙায় বিজেপি করার জন্য দলের সংখ্যালঘু মোর্চার নেত্রীকে বিবস্ত্র করে মারধরের অভিযোগ ওঠার পাঁচদিনের মাথায় পুলিশ গতকাল

নির্যাতিতার বয়ান নিয়েছে। শনিবারই জেলায় পৌঁছন জাতীয় মহিলা কমিশনের সদস্য দেলিনা কংবুপ। গতকাল ঘোকসাডাঙ্গা থানায় গিয়ে পুলিশের সঙ্গে তিনি কথা বলেন। তারপর যান ঘটনাস্থলে। কথা বলেন নির্যাতিতার পরিবারের সঙ্গে। ঘটনার যথাযথ তদন্ত এবং পরিবারটিকে পুলিশি নিরাপত্তা দেওয়ার দাবি জানান তিনি। তদন্তে গাফিলতির অভিযোগ ক'রে শ্রীমতী কংবুপ বলেন, জেলা পুলিশ সুপারের সঙ্গে তিনি দেখা করার চেষ্টা করলেও পুলিশ সুপার দেখা করতে চাইছেন না। এই ধরনের ঘটনা শুধু পশ্চিমবঙ্গই হচ্ছে। যা কাম্য নয় বলেও মন্তব্য করেছেন জাতীয় মহিলা কমিশনের সদস্য।

এদিকে, সাংবাদিক সম্মেলন করে কোচবিহার জেলা তৃণমূল কংগ্রেস, ঘটনাটিকে পুরোপুরি ষড়যন্ত্র বলে দাবি করেছে। দলের জেলা সভাপতি অভিজিৎ দে ভৌমিক বলেছেন, পরিবারের নিজেদের মধ্যে লড়াইয়ে তৃণমূল কংগ্রেসের নাম জড়ানো হচ্ছে।

মাথাভাঙার ঘটনার তীব্র সমালোচনা করেছেন প্রাক্তন সাংসদ তথা প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরী। রাজ্যে নারী নির্যাতনের ঘটনা বাড়ছে কেন, সেই প্রশ্ন'ও তোলেন তিনি।

(বাইট- অধীর )

****************************

হুগলীর পান্ডুয়ায় মারধোরের জেরে আশিস বাউল দাস নামে বছর ২৫-এর এক যুবকের মৃত্যুর ঘটনায় পুলিশ দুজনকে গ্রেপ্তার করেছে। ধৃত লালটু ও শুভঙ্কর বাউল দাসকে গতকাল আদালতে তোলা হলে চারদিনের পুলিশ হেফাজত হয়।

উল্লেখ্য, গত বৃহস্পতিবার বচসার জেরে মার খেয়ে আশিস বাউল দাসের মৃত্যু হয়।

অন্যদিকে, সল্টলেকে মোবাইল চোর সন্দেহে গণপিটুনিতে, প্রসেন মন্ডল নামে এক যুবকের মৃত্যুর ঘটনায় ধৃত তিনজনের ৬'দিনের পুলিশ হেফাজত হয়েছে।

****************************

বিহারের বেউড় জেল থেকে কুখ্যাত দুর্বৃত্ত সুবোধ সিংকে CID গতকাল রাজ্যে নিয়ে এসেছে। তার বিরুদ্ধে খুন, ডাকাতি, অপহরণ, ব্যবসায়ীদের হুমকি, হামলা চালানোর মতো বহু অপরাধে জড়িত থাকার অভিযোগ রয়েছে। জেলে বসেই সে এইসব কার্যকলাপ চালাতো বলে CID সূত্রে খবর। ২০২২ সালে রানীগঞ্জের ব্যবসায়ী সুন্দর ভালোটিয়ার অপহরণ মামলায় সুবোধকে ট্রানজিট রিমান্ডে বেউড় জেল থেকে এনে আসানসোল আদালতে তোলা হয়। একদিনের জেল হেফাজতে পাঠিয়ে আজ ফের তাকে আদালতে হাজির করার নির্দেশ দিয়েছেন বিচারক।

রানীগঞ্জে সোনার দোকানে ডাকাতি, ডোমজুড়, চন্ডীপুরে ডাকাতি, মনীশ শুক্লা ও রাজু ঝা-র খুন, ব্যারাকপুর পুলিশ কমিশনারেট এলাকায় বিটি রোডের ওপর ব্যবসায়ী অজয় মন্ডলের গাড়ী লক্ষ্য করে গুলিবর্ষণ ও তাঁকে হুমকীর ঘটনায় সুবোধ সিং মূল চক্রী বলে অভিযোগ।

****************************

মালদার হরিশ্চন্দ্রপুরে ভাঙন কবলিত এলাকা পরিদর্শনে গিয়ে এলাকাবাসীর তীব্র বিক্ষোভের মুখে পড়লেন রাজ্যের মন্ত্রী তাজমুল হোসেন। বাঁশ লাঠি নিয়ে তাঁকে তাড়া করেন গ্রামের মহিলারা।

জানা গেছে, গত কয়েকদিনে ফুলহার নদীতে জলস্তর অনেকটাই বৃদ্ধি পাওয়ায় ইসলামপুর গ্রাম পঞ্চায়েতের রশিদপুরে নদী পাড় এলাকা ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। ভেসে গেছে গ্রামের কয়েকটি বাড়ি, দোকানঘর। প্রশাসনের তরফে কোনো ব্যবস্থা করা হয়নি বলে অভিযোগ স্থানীয়দের।

গতকাল দুপুরে মন্ত্রী তাজমুল হোসেন, বিডিও ও অন্যান্য প্রশাসনিক কর্তাদের সঙ্গে নিয়ে এলাকা পরিদর্শনে গেলে গ্রামবাসীদের তীব্র ক্ষোভের মুখে পড়তে হয়।

****************************

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী ডাক্তার বিধানচন্দ্র রায়ের জন্মদিন এবং মৃত্যু দিনটি আজ 'চিকিৎসক দিবস' হিসেবে পালিত হচ্ছে। ডাক্তার রায়ের ১৪২-তম জন্ম বার্ষিকী উপলক্ষ্যে আজ সারাদিনই সরকারি, বেসরকারি নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

বিভিন্ন চিকিৎসক সংগঠনও আজ অনুষ্ঠান ও কর্মসূচীর আয়োজন করেছে। রাজ্যের সব সরকারি অফিস ও শিক্ষা প্রতিষ্ঠানে অর্ধ দিবস ছুটি ঘোষণা করা হয়েছে।

দক্ষিণ কলকাতা জেলা কংগ্রেসের উদ্যোগে ভবানীপুর হরিশ মুখার্জি রোডের কংগ্রেস কার্যালয়ে এই উপলক্ষ্যে এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়েছে। কলকাতা পুরসভার তরফ থেকেও বিশিষ্ট এই চিকিৎসকের প্রতি শ্রদ্ধার্ঘ্য নিবেদন করা হবে।

*******************************************************